



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩



(প্রেস বিজ্ঞপ্তি-১)

আন্তর্জাতিক নারী দিবসের আলোচনায় মেয়র বিয়ে-শাদীতে অতিরিক্ত বরযাত্রার সামাজিক কু প্রথার বিলোপ হওয়া উচিত

চট্টগ্রাম-০৮ মার্চ ২০২১খ্রিঃ

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, আমাদের সমাজ ব্যবস্থাই এখন কুসংস্কারাচ্ছন্নতা কেটেছে। ফলে দেশের নারী সমাজ দেশের গুরুত্বপূর্ণ সেক্টরে এখন দায়িত্ব নিয়ে কাজ করার সুযোগ পাচ্ছে। নারীর এই ক্ষমতায়নের মূলে মূখ্য ভূমিকা পালন করেছেন বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি আজ সোমবার সকালে কর্পোরেশনের টাইগারপাস অফিসের কনফারেন্স হলে প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন প্রকল্প আয়োজিত আন্তর্জাতিক নারী দিবস-২০২১ এর জুম মিটিংয়ে প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন। এসময় ২৪ টি ওয়ার্ডে জুমের মাধ্যমে নারী দিবসের কর্মসূচির উদ্বোধন করেন তিনি। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা কাজী মুহাম্মদ মোজাম্মেল হকের সভাপতিত্বে এতে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন নারী নেত্রী জেসমিন সুলতানা পারু, এলআইইউপিসি প্রকল্পের টাউন ম্যানেজার মো. সরোয়ার হোসেন খান, আর্থ-সামাজিক পুষ্টি বিশেষজ্ঞ মোহাম্মদ হানিফ, টাউন ফেডারেশনের চেয়ারপারসন কোহিনুর আকতার। প্রধান অতিথির বক্তব্যে সিটি মেয়র রেজাউল করিম চৌধুরী আরো বলেন, আমাদের দেশে এখনো কিছু সামাজিক কু প্রথা রয়ে গেছে। যার বিরুদ্ধে সামাজিক আন্দোলন গড়ে তোলা না গেলে এসব কু-প্রথা দূর করা যাবে না। এই কু-প্রথার একটি হলো বিয়ে শাদীর অনুষ্ঠানে কনেপক্ষের পরিবারের সামর্থ্য চিন্তা ও বিবেচনা না করে অতিরিক্ত বরযাত্রা ধার্য করা। পাশাপাশি যৌতুক হিসেবে বরকে টিভি, ফ্রিজ, আসবাব কি কি দিতে হবে তার তালিকা কনে পক্ষের হাতে দিয়ে দেয়া। এটা রীতিমত অপরাধ। যেখানে দেশের নারীর অগ্রযাত্রায় ভূমিকা রাখছেন প্রধানমন্ত্রী, সেখানে এধরনের কর্মকাণ্ড কাম্য হতে পারে না। তিনি নারী সমাজের উন্নয়ন ও অগ্রযাত্রায় তাঁর পক্ষ থেকে সব রকম সহায়তা করবেন বলে জানান। পরে নগরীর ২৪টি ওয়ার্ডের আন্তর্জাতিক নারী দিবসের কর্মসূচির উদ্বোধন করেন মেয়র। এসময় মেয়রকে ফ্রেস্ট উপহার দেন প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন প্রকল্পের নারীসমাজ। মেয়রও নারী নেত্রীদের নারী দিবসের টোকেন মগ উপহার দেন।

(প্রেস বিজ্ঞপ্তি-২)

দক্ষিণ কাউলী ওয়ার্ডে

মশক নিধন ও পরিচ্ছন্নতা অভিযান শুরু

কাউন্সিলর মো. ইসমাইলের তত্ত্বাবধানে

চট্টগ্রাম-০৮ মার্চ ২০২১খ্রিঃ

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী ঘোষিত মশক নিধন ও পরিচ্ছন্নতা ক্রাস কর্মসূচির অংশ হিসেবে ১১ নং দক্ষিণ কাউলী ওয়ার্ডের কাউন্সিলর অধ্যাপক মো. ইসমাইলের তত্ত্বাবধানে আজ সকাল থেকে এলাকার আরবান সদু রোড, মুরাদ চৌধুরী বাড়ী এবং মহেশ খালের কিছু অংশে পরিষ্কার পরিচ্ছন্ন কাজ শুরু করেন। প্রায় ৫০ জন সেবক নিয়ে এই পরিচ্ছন্ন কাজ করতে গিয়ে তিনি বলেন মশার উপদ্রুপের কারণে মানুষ স্বস্থিতে ঘুমাতে পারছেন না। এই মশা প্রজনন ক্ষেত্র গুলোতে মশার ঔষধ ছিটানো এবং পরিষ্কার পরিচ্ছন্ন অবস্থা ধরে রাখতে তিনি কাজ করে যাচ্ছেন বলে জানান। তিনি এলাকাবাসীর উদ্দেশ্যে বলেন আপনাদের বাসগৃহের ময়লাগুলো নির্দিষ্ট স্থানে রাখবেন। নালায় বা খালে কোন রকম ময়লা আবর্জনা ফেলবেন না। আর রাস্তা ও গলিতে যেখানে সংস্কার ও মেরামত প্রয়োজন সেখানে আমরা অবশ্যই সংস্কার ও মেরামতের কাজ করে দেব। যেখানে সমস্যা হয় সে ব্যাপারে অবগত করার জন্য আহ্বান জানান। তিনি আরো বলেন নগরীকে আবর্জনামুক্ত করা কাউন্সিলর বা মেয়র মহোদয়ের একার দায়িত্ব নয়। নগরীতে বসবাসকারী হিসেবে নিজেদেরও সে দায়িত্ব পালন করতে হবে বলে জানান। এসময় আরো উপস্থিত ছিলেন পরিচ্ছন্ন কর্মকর্তা প্রনব কুমার শর্মা, ফরিদ আহমদ ও ফরিদুল আলম।

নিবেদক

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতি. দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩